

বিষয় : বাংলা
Course : CC-9

পূর্ণমান : ৬০

৩ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো :

২×১০=২০

- (ক) কোন গ্রামে বসবাস করতেন 'চন্দ্রশেখর' উপন্যাসের নাম চরিত্রটি? এই উপন্যাস কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?
- (খ) যে পাঁচটি গ্রামের বিষয় নিয়ে 'গণদেবতা' উপন্যাসটি গড়ে তোলা হয়েছে, তাদের নাম কী কী? উপন্যাসে কোন গ্রামটি প্রাধান্য পেয়েছে?
- (গ) 'চন্দ্রশেখর' উপন্যাসে কোন নবাবের কথা আছে? তিনি কোথায় বসবাস করতেন?
- (ঘ) "কি কালযুদ্ধই না ইংরেজরা করিল?" কাদের সঙ্গে ইংরেজদের কোন যুদ্ধের কথা 'গণদেবতা' উপন্যাসে বলা হয়েছে?
- (ঙ) লরেন্স ফস্টরের প্রথম প্রণয়িনীর নাম কী? লরেন্স কেন ভারতে এসেছিলেন?
- (চ) 'গণদেবতা' উপন্যাসের বর্ণনা অনুযায়ী গ্রামের চণ্ডীমণ্ডপে অনুষ্ঠিত হত এমন দুটি পার্বণের নাম লেখো।
- (ছ) "যে সকল ইংরেজ বাঙ্গালায় বাস করিতেন তাঁহারা দুইটি মাত্র কার্যে অক্ষম ছিলেন।"— কোন দুটি কাজের কথা উপন্যাসিক বলেছেন?
- (জ) দেবুকে গ্রেপ্তার করা হয়েছিল কোন অপরাধে? কোন মাসে সে জেল থেকে ছাড়া পায়?
- (ঝ) "পুরুষ মানুষের চক্ষু কেবল মাথার শোভার্থ—তাহাতে দেখিতে পায় না।"— কে, কেন একথা বলেছে?
- (ঞ) 'গণদেবতা' কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ট) শেবলিনীর অপহরণের কথা শুনে চন্দ্রশেখর কী করেছিলেন?
- (ঠ) দেবু কতদূর লেখাপড়া করেছিলেন? তাঁর পেশা বা উপার্জনের পথ কী ছিল?
- (ড) "প্রতাপ রায় সাক্ষাৎ শয়তান— এ দেশীয় লোক তাহাকে ধরিতে পারিবেন না।"— কার উক্তি? তার বাড়ি কোথায়?
- (ঢ) "লোকটা ঐ জে. এল. ব্যানার্জীর শিষ্য।"— কে একথা বলেছে? কোন লোকটার কথা বলা হয়েছে?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৪=২০

(ক) “শৈবলিনীকে দেখিয়া সংযমীর ব্রতভঙ্গ হইল।” কোন সংযমীর কোন ব্রতভঙ্গ হয়েছিল? কীভাবে ব্রতভঙ্গ হয়েছিল সংক্ষেপে লেখো।

(খ) সুন্দরী কে? তার সঙ্গে প্রতাপের সম্পর্ক কী? উপন্যাসে সুন্দরীর চরিত্রটি কীভাবে উপস্থাপিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

(গ) “এই সময় বাঙ্গালার যে সকল রাজপুরুষ নিযুক্ত ছিলেন তন্মধ্যে গুরগণ খাঁ একজন সর্বশ্রেষ্ঠ এবং সর্বোৎকৃষ্ট।”— গুরগণ খাঁ চরিত্রটির উপযোগিতা আলোচনা করো।

(ঘ) “গল্পটি দেবুর বড় ভালো লাগিল। বিলুকে আজ গল্পটি বলিতে হইবে।”— কোন গল্পের কথা বলা হয়েছে? ঐ গল্পটি দেবুর ভালো লাগার কারণ লেখো।

(ঙ) “এদিকে যুদ্ধ লাগিয়া সব যেন উল্টাইয়া গেল।” কোন যুদ্ধ গ্রাম বাংলার জীবনে কোন ধরনের প্রভাব ফেলেছিল ‘গণদেবতা’ উপন্যাস অবলম্বনে সংক্ষেপে লেখো।

(চ) জগন ডাক্তার চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা সংক্ষেপে লেখো।

১০×২=২০

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

(ক) শৈবলিনীর প্রায়শ্চিত্ত বর্ণনার শিল্পমূল্য আলোচনা করো।

অথবা

‘চন্দ্রশেখর’ উপন্যাসে পারিবারিক জীবনের সঙ্গে বৃহত্তর রাজনৈতিক জীবনের মিলন কীভাবে সাধিত হয়েছে আলোচনা করো।

(খ) ‘গণদেবতা’ উপন্যাসের সর্বাপেক্ষা উজ্জ্বল চরিত্র দুর্গা। সে স্বৈরিনী না বিপ্লবী— উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

অথবা

দেবনাথ পণ্ডিতের চরিত্রটি কতটা শিল্পসার্থকতা লাভ করেছে আলোচনা করো।